কুষ্টিয়া সরকারি কলেজের **EIIN - 117808**

**www.kushtiagovcollege.edu.bd**

**facebook.com/kushtiagovtcollege**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

নং: কুসক-২০২২/ ০৮

তারিখ: ০৪/০৭/২০২২ খ্রি:

# ভর্তি বিজ্ঞপ্তি

কুষ্টিয়া সরকারি কলেজে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা শাখায় ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের কাছ থেকে অনলাইনে ভর্তির আবেদন আহ্বান করা যাচ্ছে।

**১। ভর্তির জন্য আবেদনের যোগ্যতা ও শাখা নির্বাচন:**

১.১ ২০১৯, ২০২০ ও ২০২১ সালে দেশের যে কোনো শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৯, ২০২০ ও ২০২১ সালে অনুষ্ঠিত এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০২১-২০২২ শিক্ষাবর্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৭.১৪.০০১.২০১৬-৩৬৬ তারিখ ৩০ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দের ঘোষিত নীতিমালার বিধানাবলি পূরণ সাপেক্ষে একাদশ শ্রেণিতে ভর্তির যোগ্য বিবেচিত হবে।

১.২ বিদেশী কোন বোর্ড বা অনুরূপ কোন প্রতিষ্ঠান হতে সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা কর্তৃক তার সনদের মান নির্ধারণের পর ভর্তির যোগ্য বিবেচিত হবে।

**১.৩ ভর্তির জন্য একজন প্রার্থী নিম্নরূপ গ্রুপ নির্বাচন করতে পারবে :**

ক) বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি;
খ) মানবিক গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি;
গ) ব্যবসায় শিক্ষা গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী ব্যবসায় শিক্ষা ও মানবিক গ্রুপ এর যে কোন একটি;
(ঘ) মাদরাসা শিক্ষা বোর্ড থেকে বিজ্ঞান বিভাগে উত্তীর্ণ শিক্ষার্থী বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি এবং সাধারণ বিভাগ থেকে উত্তীর্ণ শিক্ষার্থী মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপ এর যে কোন একটি।

১.৪ আবেদনের জন্য এসএসসি/ সমমান পরীক্ষায় প্রাপ্ত ন্যূনতম জিপিএ:

ক) বিজ্ঞান গ্রুপে ভর্তির জন্য: ন্যূনতম জিপিএ: ৪.৫০
খ) মানবিক গ্রুপে ভর্তির জন্য: ন্যূনতম জিপিএ: ৩.০০ এবং
গ) ব্যবসায় শিক্ষা গ্রুপে ভর্তির জন্য: ন্যূনতম জিপিএ: ৩.৫০ থাকতে হবে।

গ্রুপ পরিবর্তনের ক্ষেত্রে সংশ্লিষ্ট গ্রুপে ভর্তির ন্যূনতম যোগ্যতা / জিপিএ থাকতে হবে।

১.৫ আসন সংখ্যা:

বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা গ্রুপে বোর্ড কর্তৃক নির্ধারিত / অনুমোদিত সংখ্যক আসনে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।

**২। প্রার্থী নির্বাচনে অনুসরণীয় পদ্ধতি:**

২.১ ভর্তির জন্য কোন বাছাই পরীক্ষা গ্রহণ করা হবে না। কেবলমাত্র শিক্ষার্থীদের এস.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নির্ধারিত পদ্ধতিতে ভর্তির জন্য মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ড কর্তৃক মনোনয়ন দেয়া / ফলাফল ঘোষণা করা হবে।

২.২ **কলেজ / সমমানের প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজ / সমমানের প্রতিষ্ঠানের ৯৫% আসন সকলের জন্য উন্মুক্ত থাকবে যা মেধার ভিত্তিতে নির্বাচন করা হবে। মেধার ভিত্তিতে ভর্তির পরে মোট আসনের ৫% মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের জন্য সংরক্ষিত থাকবে। উপর্যুক্ত কোটায় যদি প্রার্থী না পাওয়া যায় তবে এ আসন কার্যকরী থাকবে না। মুক্তিযোদ্ধাদের সন্তান/সন্তানের সন্তানদের সনাক্তকরণের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে । যে সকল শিক্ষার্থী প্রতিবন্ধী হিসেবে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কেবল তারাই সংশ্লিষ্ট বোর্ডে ম্যানুয়ালী ভর্তির জন্য আবেদন করতে পারবে। প্রবাসীদের সন্তান/বি.কে.এস.পি থেকে উত্তীর্ণ শিক্ষার্থী/খেলাধুলা এবং সাংস্কৃতিক ক্ষেত্রে বিভাগীয় বা জাতীয় পর্যায়ে অসামান্য অবদানের জন্য পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থী ভর্তির জন্য বোর্ডে ম্যানুয়লি আবেদন করতে পারবে। এ ক্ষেত্রে বোর্ড উপযুক্ত প্রমানপত্র যাচাই বাছাই পূর্বক শিক্ষার্থীকে (প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত ন্যূনতম জি পি এ শিথিলযোগ্য হবে) ভর্তির ব্যবস্থা নিবে।**



০৪/০৭/২০২২

৩। অনলাইনে ভর্তির আবেদন :

৩.১. **www.xiclassadmission.gov.bd** ওয়েব সাইটে প্রবেশ করে প্রয়োজনীয় তথ্যাদি পূরণসাপেক্ষে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

৩.২. শিক্ষার্থীরা শুধু অনলাইনে আবেদন করতে পারবে। অনলাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/= (একশত পঞ্চাশ) টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫(পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০(দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা, কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে;

৩.৩. শিক্ষার্থীর ভর্তির প্রাথমিক Selection নিশ্চায়ন করার সময় শিক্ষার্থী প্রতি ২২৮/= (দুই শত আটাশ) টাকা ফি শিক্ষা বোর্ডকে দিতে হবে ;

<u>৪. ভর্তির সময় প্রার্থীকে মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র দাখিল করতে হবে।</u>

৫। ভর্তির আবেদন, ফল প্রকাশ, ভর্তি ও ক্লাশ শুরু

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ৫.১ | ভর্তির জন্য অনলাইনে আবেদন গ্রহণ (যারা পুন: নিরীক্ষণের জন্য আবেদন করবে তাদেরও এই সময়ের মধ্যে আবেদন করতে হবে। | ০৮/০১/২০২২ থেকে ১৫/০১/২০২২ |
| ৫.২ | আবেদন যাচাই বাছাই ও আপত্তি নিষ্পত্তি | ১৭/০১/২০২২ থেকে ২১/০১/২০২২ |
| ৫.৩ | শুধুমাত্র পুন: নিরীক্ষণে ফলাফল পরিবর্তিত শিক্ষার্থীদের আবেদন গ্রহণ | ২২/০১/২০২২ থেকে ২৩/০১/২০২২ |
| ৫.৪ | পছন্দক্রম পরিবর্তনের সময় | আবেদনের তারিখ থেকে ২৪/০১/২০২২ |
| ৫.৫ | ১ম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ | ২৯/০১/২০২২ ( রাত ৮.০০টায়) |
| ৫.৬ | শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চিত না করলে ১ম পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে)। | ৩০/০১/২০২২ থেকে ০৬/০২/২০২২ |
| ৫.৭ | ২য় পর্যায়ে আবেদন গ্রহণ | ০৭/০২/২০২২ থেকে ০৮/০২/২০২২ (রাত ৮.০০ টায়) |
| ৫.৮ | পছন্দক্রম অনুযায়ী ১ম মাইগ্রেশন ফল প্রকাশ। | ১০/০২/২০২২ (রাত ৮.০০ টায়) |
| ৫.৯ | ২য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ১০/০২/২০২২ (রাত ৮.০০ টায়) |
| ৫.১০ | ২য় পর্যায়ে শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ২য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে এবং তাকে পুনরায় ফিসহ আবেদন করতে হবে)। | ১১/০২/২০২২ থেকে ১২/০২/২০২২ (রাত ৮.০০টা পর্যন্ত) |
| ৫.১১ | ৩য় পর্যায়ে আবেদন গ্রহণ | ১৩/০২/২০২২ |
| ৫.১২ | পছন্দক্রম অনুযায়ী ২য় মাইগ্রেশনের ফল প্রকাশ | ১৫/০২/২০২২ (রাত ৮.০০টায়) |
| ৫.১৩ | ৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ১৫/০২/২০২২ (রাত ৮.০০টায়) |
| ৫.১৪ | ৩য় পর্যায়ে শিক্ষার্থীর Selection নিশ্চায়ন (শিক্ষার্থী নিশ্চায়ন না করলে ৩য় পর্যায়ের Selection এবং আবেদন বাতিল হবে)। | ১৬/০২/২০২২ থেকে ১৭/০২/২০২২ |
| ৫.১৫ | ভর্তি | ১৯/০২/২০২২ থেকে ২৪/০২/২০২২ পর্যন্ত |
| ৫.১৬ | ক্লাস শুরু | ২ মার্চ, ২০২২ |

04/01/2022

(প্রফেসর কাজী মনজুর কাদির)
অধ্যক্ষ
কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

04/01/2022